

আবহ্মান আহ্মান

অনিন্দিতা দেবনাথ

প্রত্যাশা, ইচ্ছে ইত্যাদি শব্দগুলি তেমন পবিত্র নয়।
তাই যতবার জাহাজ ভাসাই উত্তরের উপকূলের
দিকে,
ছুতে পারি না তোমায়।
তুমি প্রকৃতি, আমার প্রিয়া-
আমার মৃত্যুর শিয়রে তুমি সাবিত্রী,
আমার সকল কামনা যেন একইসাথে তৃপ্ত করেছ
তুমি।
তোমার চুলের আঁকাবাঁকা নদীতে একবার ঝাপ
দিতে আমার বড় সাধ হয়।
আমার চিরকালীন ভালোবাসার ঘরে,
রোজ কেমন রাগিনী শুনতে চাই
তোমার গলায়।
তোমার গভীর থেকে ভিতরে বাইরে
কি যে আছে তা আমার অজানা।
তবু ভালোবেসে যাই।
ভালোবাসার ভিখারী আমি,-
তাই বার বার ছুটে আসি।
তোমায় ভেবে এতকাল হৃদয়ে তুলে রাখা
চেউগুলোর হিসেব নিজেও বুঝি ইচ্ছে করে না ?